

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি ভুল হবার আশঙ্কায় ফতওয়া দেয়াকে ভয় পায়

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا مَخَافَةَ السَّقَطِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ، عَنِ الْخَلِيلِ بْنِ مُرَّةَ، عَنْ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ، قَالَ: " كُنْتُ فِي حَلْقَةٍ فِيهَا الْمَشْيَخَةُ وَهُمْ يَتَرَاجَعُونَ فِيهِمْ عابدُ بْنُ عَمْرٍو، فَقَالَ شَابٌّ فِي نَاحِيَةِ الْقَوْمِ: فَيها الْمَشْيخةُ وَهُمْ يَتَرَاجَعُونَ فِيهِمْ عابدُ بْنُ عَمْرٍو، فَقَالَ شَابٌ فِي نَاحِيَةِ الْقَوْمِ: أَفِي اللَّهُ فِيكُمْ، فَنَظَرَ الْقَوْمُ بَعْضَهُمْ إِلَى بَعْضٍ. فِي أَيِّ شَيْءٍ رَآنَا؟ ثُمَّ قَالَ بَعْضُهُمْ: مَنْ أَمَرَكَ بِهَذَا؟ فَمُنْ، لَئِنْ عُدْتَ، لَنَفْعَلَنَّ وَلَنَفْعَلَنَّ وَلَنَفْعَلَنَّ وَلَنَفْعَلَنَّ

لم يحكم عليه المحقق

বাংলা

২৯৪. মুয়াবিয়া ইবনু কুররাহ বলেন, আমি একটি হালাকায় (বৃত্তাকার সমাবেশে) ছিলাম যাতে একজন নেতৃস্থানীয় ব্যক্তি ছিল, যার পিছনে পিছনে লাকেরা চলছিল। আর তাদের মধ্যে আবিদ ইবনু আমর ছিলেন। লোকদের মাঝ থেকে এক যুবক বলতে লাগলো: তোমরা আল্লাহর যিকিরের দিকে ধাবিত হও, আল্লাহ তোমাদের বরকত দান করুন। তখন লোকেরা একে অপরের দিকে তাকাতে লাগল। সে আমাদেরকে কোন্ বিষয়ে রত দেখছে? তারপর তাদের কেউ একজন বলল: 'তোমাকে কে এ কাজের নির্দেশ দিল? অত:পর সে তাকে তাড়িয়ে দিল। (তারা বলল:) যদি তুমি পুনরায় একাজ কর, তবে নিশ্চয়ই আমরাও (এই এই) করব।[1]

ফুটনোট

[1] তাহকীক্ন: খলীল ইবনু মুররাহ যয়ীফ। অন্যান্য রাবীগণ নির্ভরযোগ্য। এর অনেক যয়ীফ শাহিদ রয়েছে যা পরস্পরকে শক্তিশালী করে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন